দৈনিক বাংলা

তারিখ ... 23 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

৭০

৩৫

# সুনির্দিষ্ট শিক্ষানীতি রয়েছে ঃ শিক্ষামন্ত্রী

বিশেষ সংবাদদাতা ঃ শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার বলেছেন, একটি সুনির্দিষ্ট শিক্ষনীতির ভিত্তিতেই সরকার শিক্ষাক্ষেত্রে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে।

বিএনপি সরকারের কোন শিক্ষানীতি নেই এ অভিযোগ অস্বীকার করে তিনি প্রতি থানায় একটি করে স্কুল ও কলেজ সরকারীকরণ, নতুন নতুন বিশ্ববিদ্যালয়

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **শিক্ষামন্ত্রী**

স্থাপন, উন্মুক্ত ও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ ও অন্যান্য পদক্ষেপের কথা জানিয়ে বলেন, এ সবই করা হচ্ছে একটি সুনির্দিষ্ট শিক্ষানীতির ভিত্তিতে।

গতকাল বৃহস্পতিবার বেসরকারী সদস্য দিবসে সৈয়দ আবুল হোসেন কালকিনি থানা সদরে অবস্থিত কালকিনি পাইলট হাই স্কুল ও কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজ জাতীয়করণের পক্ষে সিদ্ধান্ত প্রস্তাব এনেছিলেন। এর ওপর সংশোধনী এনে প্রস্তাবটির সমর্থনে বক্তব্য দেন আওয়ামী লীগের আটজন, জামায়াতে ইসলামীর দুইজন ও জাতীয় পার্টির একজন মোট ১১ জন সদস্য।

সৈয়দ আবুল হোসেন তার বক্তব্যে কালকিনি থানার এই দুটি শিক্ষা প্রতি-ষ্ঠানকে সরকারীকরণের আশ্বাসের প্রেক্ষিতে তার সিদ্ধান্ত প্রস্তাব প্রত্যাহার করবেন বলে জানান।

জবাবে, শিক্ষামন্ত্রী বলেন, প্রতিটি থানায় একটি করে স্কুল ও কলেজকে সরকারীকরণ করা হচ্ছে। সেই নীতিমালার মানদন্ড অনুযায়ী কালকিনি থানায় যে প্রতিষ্ঠান যোগ্য বিবেচিত হবে তাকেই সরকারীকরণ করা হবে। এ ক্ষেত্রে অন্য কিছু বিবেচনার কোন সুযোগ নেই।

মন্ত্রীর এ বক্তব্যে সন্তুষ্ট না হওয়ায় সৈয়দ আবুল হোসেন তার সিদ্ধান্ত প্রস্তাবটি প্রত্যাহারে অস্বীকার করেন। অধিবেশনের সভাপতি হুমায়ুন খান পন্নী প্রস্তাবটি ভোটে দিলে কন্ঠভোটে তা নাকচ হয়ে যায়।

গতকাল এই একটি সিদ্ধান্ত প্রস্তাবের ওপরই আলোচনা হয়। এছাড়া মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজার সংলগ্ন স্থানে একটি মসজিদ নির্মাণ সম্পর্কে বিএনপির নিয়ামতউল্লাহর একটি সিদ্ধান্ত প্রস্তাব তিনি প্রত্যাহার করে নেন এবং বাগেরহাটে উপকূলীয় বাঁধ নির্মাণ সংক্রান্ত একটি প্রস্তাবের ওপর আলোচনার তারিখ পরিবর্তন করা হয়। গতকাল আরও চারটি নতুন সিদ্ধান্ত প্রস্তাব উত্থাপিত হয়।

সিদ্ধান্ত প্রস্তাবের ওপর আলোচনার পর সংসদের অধিবেশন আগামী রোববার বিকাল সাড়ে চারটা পর্যন্ত মুলতবী ঘোষণা করা হয়।